দৈনিক সংবাদ

তারিখ 25 JAN 1992
পৃষ্ঠা ৫ কলাম ৭

০/৮

## ৪ জনের বিরুদ্ধে মামলা

# মাদ্রাসার ভুয়া শিক্ষক নিয়োগ দেখিয়ে টাকা আত্মসাৎ

গাজীপুর, ২৪শে জানুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।–মাদ্রাসায় ভুয়া ও অবৈধ শিক্ষক নিয়োগ দেখিয়ে প্রতারণার মাধ্যমে ৩ লাখ ২৮ হাজার ২৪৯·৩৫ টাকা আত্মসাতের এক চাঞ্চল্যকর ঘটনা জানা গেছে। এ ব্যাপারে ৪ জনকে আসামী করে কাপাসিয়া থানায় জেলা দুর্নীতি দমন বিভাগ থেকে মামলা দায়ের করা হয়েছে। ঘটনা উদঘাটিত হবার পর থেকে আসামীরা পলাতক রয়েছে।

কাপাসিয়া উপজেলার সুলতানপুর সামুনিয়া বালিকা দাখিল মাদ্রাসায় ভুয়া শিক্ষক ও অবৈধভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের নামে গত ১/৩/৮৭ থেকে ৩০/৮/৮৯ পর্যন্ত সময়ে ৩ লাখ ২৮ হাজার ২৪৯.৩৫ টাকা উত্তোলন করে ভুয়া বিতরণ দেখিয়ে প্রতারণার আশ্রয় গ্রহণ করে উল্লেখিত পরিমাণ অর্থ আত্মসাৎ করা হয়। ঘটনার সঙ্গে জড়িত যাদেরকে আসামী করে কাপাসিয়া থানায় মামলা দায়ের করা হয়েছে তারা হচ্ছে উক্ত মাদ্রাসার কার্যকরী পরিষদের সহ–সভাপতি মোঃ আবদুস ছামাদ, ভারপ্রাপ্ত সুপার মোঃ রমজান আলী, সুপার মোঃ আল মামুনুর রশিদ ও মোঃ আবদুল বাতেন।

অভিযোগে আরো জানা গেছে গত ১৯৮৪ সালের ১লা জানুয়ারি উল্লেখিত আসামীরা পরস্পরের যোগসাজশে উক্ত মাদ্রাসায় ১৪ জন শিক্ষক–কর্মচারীর অবৈধ নিয়োগদান করে। এদের মধ্যে ৭ জনেরই উক্ত মাদ্রাসায় কর্মরত থাকার কোন প্রমাণ তদন্তে পাওয়া যায়নি। তাছাড়া এ ৭ জনের মধ্যে ১ জন স্থানীয় টোক ইউনিয়ন পরিষদের সদস্য ও অপর ৩ জন অন্যত্র কর্মরত রয়েছেন বলে তদন্তে জানা গেছে। এসব ভুয়া ও অবৈধ নিয়োগপ্রাপ্ত শিক্ষক–কর্মচারীদের নামে সরকার প্রদত্ত অনুদান উল্লেখিত ব্যক্তিরা বিভিন্ন সময়ে ব্যাংক থেকে উত্তোলন করে ভুয়া বিতরণ দেখিয়ে তারা পরস্পরের যোগসাজশে আত্মসাৎ করে। এসব শিক্ষক–কর্মচারীর সরকার প্রদত্ত অনুদান বিভিন্ন সময়ে ব্যাংকে জমা পড়ার পর সহ–সভাপতি আবদুস সামাদ, ভারপ্রাপ্ত সুপার মোঃ রমজান আলী ও সুপার আল মামুনুর রশীদের যৌথ স্বাক্ষরে এসব টাকা উত্তোলন করে আত্মসাৎ করা হয়।